চুয়াডাঙ্গায় ‘আল্লার দলের’ ৩ সক্রিয় সদস্য গ্রেফতার

চুয়াডাঙ্গা সদর উপজেলার জাফরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ থেকে নিষিদ্ধ ঘোষিত ‘আল্লার দলের’ তিন সদস্যকে আটক করেছে র্যাব। বৃহস্পতিবার রাত সাড়ে ৮টার দিকে গোপন সংবাদে তাদের আটক করা হয়। এসময় তাদের কাছ থেকে দুটি ধর্মীয় লিফলেটসহ বেশ কিছু আলামত জব্দ করা হয়।

আটককৃতরা হলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা কুলচারা গ্রামের রুহুল আমিন (৪০), গোপীনাথপুর গ্রামের কলম মন্ডল (৩৯) ও ঝিনাইদহ জেলার ভুটিয়ারগাতি গ্রামের নুর ইসলাম (৩৮)।

র্যাব-৬ ঝিনাইদহ ক্যাম্প সূত্র জানায়, চুয়াডাঙ্গার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে নিষিদ্ধ ঘোষিত ‘আল্লার দলের’ সদস্যরা গোপন বৈঠক করছিলো। গোয়েন্দা তথ্যের ভিত্তিতে র্যাব সেখানে অভিযান চালায়। এসময় অজ্ঞাতনামা ৭/৮ জন পালিয়ে যেতে সক্ষম হলেও ধরা পড়ে তিনজন। আটককৃতদের চুয়াডাঙ্গা সদর থানায় সোপর্দ করা হয়েছে।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

আল্লাহ’র দলের তিন নারীসহ ৮ সদস্য কারাগারে

মেহেরপুরে নিষিদ্ধ জঙ্গি সংগঠন আল্লাহ’র দলের আট সদস্যকে গ্রেপ্তার করেছে সদর থানা পুলিশ। পরে তাদের আদালতে পাঠালে বিচারক তাদের কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

বুধবার সকালে তাদের গ্রেপ্তার দেখিয়ে মামলা দায়ের করেছে পুলিশ। এর আগে গোপন বৈঠকের সময় মঙ্গলবার বিকালে সদর উপজেলার রঘুনাথপুর গ্রাম থেকে তাদের আটক করা হয়। বুধবার দুপুরে তাদের আদালতের

মাধ্যমে কারাগারে প্রেরণ করা হয়েছে।

গ্রেপ্তারকৃতরা হলেন- রঘুনাথপুর গ্রামের শহিদুজ্জামান (২৮), রাহাবুল ইসলাম (২৮), সুমন ইসলাম (২৫), জিহাদ আলী (৩২), মৌসুমি খাতুন (৩২), বন্যা খাতুন (৩২), আনজিরা খাতুন (৩৬) ও বারাদি গ্রামের শহিদুল ইসলাম (৩৫)। বৈঠক চলাকালীন তাদের কাছে থেকে জিহাদী বই ও লিফলেট উদ্ধার করেছে পুলিশ।

স্থানীয়দের সাথে কথা বলে জানা যায়, আনজিরা খাতুনের বাড়িতে মাঝে মাঝে লোকজন আসা যাওয়া করতো। তবে এরা জঙ্গি নাকি সাধারন মানুষ আমরা জানতাম না।

এ বিষয়ে স্থানীয় ইউপি সদস্য ডাবলু বলেন, আল্লাহ’র দল নামের এক জঙ্গি সংগঠনের ৮ সদস্য আটক হয়েছে শুনেছি। এর আগে আমি এ বিষয়ে কিছু টের পাইনি।

সদর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা জানান, রঘুনাথপুর গ্রামের আনজিরা খাতুনের বাড়িতে গোপন দাওয়াতী বেঠক চলছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়। পরে সেখানে থেকে তাদেরকে আটক করে জিজ্ঞাসাবাদ এবং তাদের সার্বিক বিষয়ে খোঁজ খবর নেওয়া হয়। নিষিদ্ধ জঙ্গি সংগঠন আল্লাহ’র দলের সক্রিয় সদস্য হিসেবে তাদের পরিচয় নিশ্চিত হওয়ার পর বুধবার সকালে তাদেরকে গ্রেপ্তার দেখানো হয়েছে।

তিনি আরো বলেন, জঙ্গি তৎপরতার অপরাধে তাদের বিরুদ্ধে মামলা দায়ের করে আদালতে পাঠানোর প্রক্রিয়া চলছে।
এ বিষয়ে মেহেরপুর অতিরিক্তি পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম বলেন, আল্লাহ’র দল নামের এক সংগঠনের ৮ সদস্য আটক হয়েছে। এ দলের আরোও সদস্য থাকতে পারে। আমরা অভিযান অব্যাহত রেখেছি, অন্য সদস্যদেরও খুব শিঘ্রই আটক করা হবে।

মেপ্র/ নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে আল্লাহ’র দলের ৮ সদস্য গ্রেপ্তার

মেহেরপুরে নিষিদ্ধ জঙ্গি সংগঠন আল্লাহ’র দলের আট সদস্যকে গ্রেপ্তার করেছে সদর থানা পুলিশ।

বুধবার সকালে তাদের গ্রেপ্তার দেখিয়ে মামলা দায়ের করেছে পুলিশ । এর আগে গোপন বৈঠকের সময় মঙ্গলবার বিকালে সদর উপজেলার রঘুনাথপুর গ্রাম থেকে তাদের আটক করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন- রঘুনাথপুর গ্রামের শহিদুজ্জামান (২৮), রাহাবুল ইসলাম (২৮), সুমন ইসলাম (২৫), জিহাদ আলী (৩২), মৌসুমি খাতুন (৩২), বন্যা খাতুন (৩২), আনজিরা খাতুন (৩৬) ও বারাদি গ্রামের শহিদুল ইসলাম (৩৫)। বৈঠক চলাকালীন তাদের কাছে থেকে জিহাদী বই ও লিফলেট উদ্ধার করেছে পুলিশ।

সদর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা জানান, রঘুনাথপুর গ্রামের আনজিরা খাতুনের বাড়িতে গোপন দাওয়াতী বেঠক চলছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়। পরে সেখানে থেকে তাদেরকে আটক করে জিজ্ঞাসাবাদ এবং তাদের সার্বিক বিষয়ে খোঁজ খবর নেওয়া হয়। নিষিদ্ধ জঙ্গি সংগঠন আল্লাহ’র দলের সক্রিয় সদস্য হিসেবে তাদের পরিচয় নিশ্চিত হওয়ার পর বুধবার সকালে তাদেরক গ্রেপ্তার দেখানো হয়েছে।

তিনি আরো বলেন, জঙ্গি তৎপরতার অপরাধে তাদের বিরুদ্ধে মামলা দায়ের করে আদালতে পাঠানোর প্রক্রিয়া চলছে।
মেপ্র/ নিজস্ব প্রতিনিধি